

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৯৯৯

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - কুরায়শ ও অন্যান্য গোত্রসমূহের গুণাবলি

اَلْفَصْلُ التَّنِفْ (بَابُ مَنَاقِبِ قُرَيْشِ وَذِكْرِ الْقَبَائِلِ)

আরবী

وَعَن عُثْمَان بن عَفَّان قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ غَشَّ الْعَرَبَ لَمْ يَدْخُلْ فِي شَفَاعَتِي وَلَمْ تَنَلْهُ مَوَدَّتِي» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ غَرِيبٌ لَا نَعْرِفُهُ إِلَّا مِنْ حَدِيثِ حُصَيْنِ بْنِ عُمَرَ وَلَيْسَ هُوَ عِنْدَ أهل الحَدِيث بِذَاكَ الْقوي

اسناده ضعیف جذا ، رواه الترمذی (3928) * حصین بن عمر : متروک ـ (مَوْضُوع)

বাংলা

৫৯৯৯-[২১] 'উসমান ইবনু আফফান (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: যে লোক 'আরবদের সাথে ছলনা করবে, সে আমার শাফা'আতের অন্তর্ভুক্ত হবে না এবং আমার ভালোবাসাও লাভ করতে পারবে না। [ইমাম তিরমিযী (রহিমাহুল্লাহ) হাদীসটি বর্ণনা করেছেন এবং তিনি বলেছেন, হাদীসটি গরীব, হুসায়ন ইবনু উমার ছাড়া আর কেউ তা বর্ণনা করেনিন, অথচ মুহাদ্দিসীনদের কাছে তিনি নির্ভরযোগ্য নন]

ফুটনোট

মাওযু: তিরমিয়ী ৩৯২৮, যঈফুল জামি ৫৭১৫, কারণ হুসায়ন ইবনু 'উমার আল আহমাসী মিথ্যুক; য'ঈফাহ্ ৫৪৫, মুসনাদে আহমাদ ৫১৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: যে ব্যক্তি আরবদের সাথে প্রতারণা করবে অর্থাৎ ঘৃণা করবে সে নবী (সা.) -এর শাফা'আতে সুগরা পাবে



না। তবে শাফা'আতে কুবরার বিষয়টি আম। এর সাথে সাথে সে আমার ভালোবাসা লাভ করতে পারবে না। এখানে নাহী কামাল বা পূর্ণ নিষেধকে বুঝানো হয়েছে। (মিরকাতুল মাফাতীহ)।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ উসমান ইবন আফফান (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন